

## আন-নাবা | An-Naba' | النَّبَأُ

আয়াতঃ ৭৮ : ৫

আরবি মূল আয়াত:

ثُمَّ كَلَّا سَيَعْلَمُونَ ﴿٥﴾

অনুবাদসমূহ:

তারপর কখনো না, তারা অচিরেই জানতে পারবে। — আল-বায়ান

আবার বলছি, কক্ষনো না (তাদের ধারণা একেবারে অলীক ও অবাস্তব), তারা শীঘ্রই জানতে পারবে। — তাইসিরুল

আবার বলি, কখনই না, তারা অচিরেই অবগত হবে। — মুজিবুর রহমান

Then, no! They are going to know. — Sahih International

৫. তারপর বলি কখনো না, তারা অচিরেই জানতে পারবে।

-

তাফসীরে জাকারিয়া

৫। আবার বলি, কখনই না, তারা শীঘ্রই জানতে পারবে।[1]

[1] এটা হল ধমক ও তিরস্কার যে, অতি সত্ত্বর সব কিছু জানতে পারবে। আগামীতে আল্লাহ তাআলা স্বীয় কর্মকুশলতা এবং মহা কুদরতের কথা উল্লেখ করছেন; যাতে তাওহীদের প্রকৃত্ত্ব তাদের সামনে স্পষ্ট হয়ে ওঠে এবং আল্লাহর রসূল (সাঃ) তাদেরকে যে বিষয়ের প্রতি আহ্বান জানাচ্ছিলেন তার প্রতি ঈমান আনা সহজ হয়ে যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5677>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন